দৈনিক জনকণ্ঠ

329

তারিখ ... ... ... MAY 03 2000
পৃষ্ঠা ১ কলাম ৬

# এইচএসসি'র বাংলা দ্বিতীয় পত্রে আড়াই হাজার বহিষ্কার

**স্টাফ রিপোর্টার ॥** এইচএসসি বাংলা দ্বিতীয় পত্র পরীক্ষায় মঙ্গলবার সারা দেশে আড়াই সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কার

(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## এইচএসসি'র বাংলা (প্রথম পাতার পর)

করা হয়েছে। রাজশাহীতে বহিষ্কার করা হয়েছে তিন শিক্ষককে। রাজশাহী মহানগরীর শাহ মখদুম কলেজ কেন্দ্র থেকে আখতারুজ্জামান নামে প্রক্সি দিতে আসা এক পরীক্ষার্থীকে পুলিশ গ্রেফতার করেছে। সিরাজগঞ্জে নকল সরবরাহের সময় মওলানা ভাসানী কলেজের হিসাববিজ্ঞান বিভাগের শিক্ষক লুৎফর রহমানকে গ্রেফতার করা হয়েছে। বাংলা দ্বিতীয় পত্রে বহিষ্কৃতদের মধ্যে রয়েছে ঢাকা বোর্ডে ৫০০, রাজশাহী বোর্ডে ১ হাজার ২০৩, কুমিল্লায় ৪১৫, যশোরে ৩৩৫ এবং চট্টগ্রামে ৭৭।